

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : মার্জিয়া সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

তারিখ : ২৮/০৭/২০২২ খ্রি, সময় : বেলা ১০.৩০ ঘটিকা।

সভার মাধ্যম : [অনলাইন জুম ক্লাউড মিটিং।](#)

(সভায় অংশগ্রহণকারী সদস্যবুন্দের তালিকা সংশ্লিষ্ট নথিতে সংরক্ষণ করা হয়েছে)

সভায় শুরুতে সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় এ উপজেলায় আইসিটি কার্যক্রমের বিকাশ ও উন্নয়ন এবং ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে সরকার কর্তৃক নির্দেশিত বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়।

০২. ই-নথি সংক্রান্ত আলোচনা :

সভায় সহকারী প্রোগ্রামার, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান, রাজবাড়ী সদর উপজেলায় এখন ই-নথি সিস্টেমে ০৯ (নয়) টি অফিস লাইভে আছে এবং কার্যক্রম চলমান আছে। এছাড়া ই-নথি প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। তিনি আরও জানান ই-নথি সিস্টেমে কাজ করতে সে সমস্ত কর্মকর্তা ও কর্মচারীর সমস্যা হয় তারা আগ্রহী থাকলে ইনহাউজ প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে।

সিকান্ত : লাইভে থাকা অফিসগুলোকে ই-নথির কার্যক্রম চালমান রাখতে হবে এবং ই-নথিতে কার্যক্রম সম্পাদনে সমস্যা হলে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। লাইভে না আসা নথির প্রশিক্ষণপ্রাপ্ত অফিসগুলোকে ট্রেনিং সার্ভারে অনুশীলন করতে হবে।

০৩. ওয়েব পোর্টাল সংক্রান্ত আলোচনা :

সভায় উপজেলা পর্যায়ের সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদকরণের উপর আলোচনা করা হয় এবং প্রতিটি দপ্তর ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদ রাখবে এই মর্মে আলোচনা হয়। তথ্য বাতায়নে বিভিন্ন বিষয়ের নোটিশ ও খবর প্রকাশ করাসহ সেবাবক্রগুলো আপডেট রাখতে হবে। এছাড়া বিভিন্ন সভার কার্যবিবরণী তথ্য বাতায়নে প্রকাশ করতে হবে। বদলী হওয়া কর্মকর্তা ও কর্মচারীদের জায়গায় যারা নতন স্থলাভিষিক্ত হয়েছেন তাদের নাম ওয়েব পোর্টালে যুক্ত করতে হবে।

সিক্ষান্ত : সংশ্লিষ্ট দপ্তরকে নিজ নিজ ওয়েব পোর্টাল নোটিশ ও সেবাবক্রসহ সকল তথ্য শতভাগ হালনাগাদ রাখতে হবে এবং এ ব্যাপারে পোর্টালে লগইন সহ অন্যান্য সহযোগিতার প্রয়োজন হলে সহকারী প্রোগ্রামার, রাজবাড়ী সদর, রাজবাড়ী এর সাথে যোগাযোগ করতে হবে। যে সমস্ত দপ্তরের ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদ এবং তথ্য সমৃক্ত হবে তাদেরকে বিশেষভাবে সম্মানিত করা হবে।

০৮. মাল্টিমিডিয়া ক্লাস সংক্রান্ত আলোচনা :

সভায় মাল্টিমিডিয়া ক্লাস সংক্রান্ত আলোচনা অনুষ্ঠিত হয়। সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান শ্রেণীকক্ষে মাল্টিমিডিয়া ক্লাস নেওয়া হচ্ছে কিন্তু এটি এখনো শতভাগ চালু হয়নি। এ ব্যাপারে তিনি সকল শিক্ষা প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদান করছেন। এছাড়া তিনি সদর উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানগুলো নিয়ে মাল্টিমিডিয়া ক্লাস কর্টেন্ট ম্যানেজমেন্ট, আইসিটি ল্যাব ম্যানেজমেন্ট, লাইব্রেরি ম্যানেজমেন্ট, বিজ্ঞানাগার ম্যানেজমেন্ট এর উপর একটি অ্যাপস তৈরি করার কথা সভাকে অবহিত করেন।

সিদ্ধান্ত : প্রত্যেক প্রতিষ্ঠানকে মাল্টিমিডিয়া ক্লাস নিয়মিত নিতে হবে এবং তা MMC ড্যাশবোর্ডে আপলোড করার ব্যবস্থা গ্রহণের জন্য সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়।

০৫. শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্ত আলোচনা :

সভায় শেখ রাসেল ডিজিটাল ল্যাব ব্যবহার সংক্রান্ত আলোচনা অনুষ্ঠিত হয়। শেখ রাসেল ডিজিটাল ল্যাবে আইসিটি প্রশিক্ষণ কার্যক্রমে শিক্ষার্থীদের প্রশিক্ষণ মডিউল প্রণয়ন করা হয়েছে এবং সে অনুযায়ী ব্যাচতিক ঢো (ত্রিশ) জন করে শিক্ষার্থী নিয়ে আইসিটি প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। নিয়মিত ল্যাবের প্রশিক্ষণ কার্যক্রম মনিটরিং করা হচ্ছে।

সিদ্ধান্ত : শেখ রাসেল ডিজিটাল ল্যাবে আইসিটি প্রশিক্ষণ চলমান রাখতে হবে এবং প্রশিক্ষণ কার্যক্রম উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সহকারী প্রোগ্রামারকে মনিটরিং করতে হবে।

০৬. ইউনিয়ন ডিজিটাল সেন্টার এর কার্যক্রম নিয়ে আলোচনা :

সভায় ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। উদ্যোগস্থ ডিজিটাল সেন্টারে কাজ করতে কোন অসুবিধা হচ্ছেনা মর্মে সভায় জানান। উদ্যোগস্থদের যথাযথভাবে সেবা প্রদান করা ও সেবা গ্রহণ করতে আসা জনসাধারণদের হয়েরানি না করা এবং সেবার যৌক্তিক মূল্য নেওয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

সিদ্ধান্ত : উদ্যোগস্থ নাগরিকদের যথাযথভাবে সেবা প্রদান করবে এবং সেবার যৌক্তিক মূল্য গ্রহণ করবে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Mehfuz
২৬/০৭/২২

(মার্জিয়া সুলতানা)
পরিচিতি নং - ২০৬২১
উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী

ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি।

স্মারক নং-৫৬.০৪.৮২৭৬.০০১.০৬.০০১.২২-২২

তারিখ : ২৮/০৭/২০২২ খ্রি।

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

০১। জেলা প্রশাসক, রাজবাড়ী।

০২। উপ-পরিচালক (প্রশাসন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।

জ্ঞাতার্থে ও কার্যার্থে :

০৩।

[Signature] ২৬/০৭/২২
সহকারী প্রোগ্রামার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি কমিটি।